

Angela


Mario


Director


Senior Man


Young Boy


Maria



Nurse


Doctor


Young Woman


| **English** | **Bengali** |
|---|---|
| ANGELA | এঞ্জেলা |
| I’m sorry, my love. I can't.<br>My father said no. | আমি দুঃখিত, আমার প্রিয়তম। আমি পারবো না।<br>আমার বাবা না বলে দিয়েছেন। |
| MARIO | মারিও |
| Think of yourself.<br>Think of us.<br>Our love. | তোমার নিজের কথা ভাবো।<br>আমাদের কথা ভাবো।<br>আমাদের প্রেম। |
| ANGELA | এঞ্জেলা |
| I will think of you always.<br>I love you.<br>But our love can … never be. | আমি সব সময় তোমার কথা ভাববো।<br>আমি তোমাকে ভালোবাসি।<br>কিন্তু আমাদের ভালোবাসা কখনো … হবে না। |
| MARIO | মারিও |
| [sobs]<br>Please don't do this to me.<br>First, my wife died in a car crash.<br>Then, our baby son got sick.<br>And now ... losing you. It's too much for me. | [ফুঁপিয়ে কাঁদা]<br>দয়া করে আমার সাথে এমন করো না।<br>প্রথমে, আমার স্ত্রী গাড়ি দুর্ঘটনায় মারা যায়।<br>তারপর, আমাদের ছোট্ট ছেলেটা অসুস্থ হয়ে পড়ে।<br>আর এখন … তোমাকে হারাচ্ছি। এটা খুব কষ্টের। |
| ANGELA | এঞ্জেলা |
| I have no choice.<br>I want to stay, but I cannot. | আমার কোনো উপায় নেই।<br>আমি থাকতেই চাই, কিন্তু আমি পারবো না। |
| MARIO | মারিও |
| When you leave, you are taking my heart.<br>How can I live without you? | তুমি যাওয়ার সময়, আমার হৃদয়টা নিয়ে যাচ্ছ।<br>তোমাকে ছাড়া আমি কীভাবে বাঁচবো? |
| ANGELA | এঞ্জেলা |
| I will love you always.<br>Never forget me! | আমি সব সময় তোমাকে ভালোবাসবো।<br>আমাকে কখনো ভুলে যেও না! |
| MARIO | মারিও |
| [cries, sobs] | [কান্না, ফুঁপিয়ে কান্না] |
| BABY | বাচ্চা |
| [crying] | [কান্না] |
| DIRECTOR | পরিচালক |
| Cut!<br>Cut!<br>Cut! | কাট!<br>কাট!<br>কাট! |
| MARIO | মারিও |
| What? | কী? |



Mario


Director


| | |
|---|---|
| DIRECTOR | পরিচালক |
| The doorbell was ringing.<br>You have to answer it. | ডোরবেল বাজছিল।<br>তোমাকে সাড়া দিতে হবে। |
| MARIO | মারিও |
| How can I answer the door?<br>My life will never be the same. | কীভাবে আমি দরজায় সাড়া দেব?<br>আমার জীবন আর কখনো একই রকম হবে না। |
| DIRECTOR | পরিচালক |
| Exactly. So the doorbell rings, and you answer it.<br>Why are you over here crying by the baby? | একদম ঠিক। সুতরাং ডোরবেল বাজবে, আর তুমি এতে সাড়া দেবে।<br>কেন তুমি এখানে বাচ্চার পাশে বসে কাঁদছ? |
| MARIO | মারিও |
| Because, the baby has asthma.<br>He can't breathe! | কারণ, বাচ্চার অ্যাজমা আছে।<br>সে নিঃশ্বাস নিতে পারছে না! |
| DIRECTOR | পরিচালক |
| Didn't you read the script?<br>The story is about you and your lost love. Not the baby.<br>Forget about the baby. | তুমি স্ক্রিপ্ট পড়নি?<br>এই গল্পটি হচ্ছে তোমার আর তোমার হারানো প্রেম সম্পর্কে। বাচ্চা সম্পর্কে নয়। বাচ্চার কথা ভুলে যাও। |
| MARIO | মারিও |
| Didn't I read the script?<br>Didn't you read the script? | আমি স্ক্রিপ্ট পড়িনি?<br>নাকি তুমি স্ক্রিপ্ট পড়নি? |
| MARIO | মারিও |
| The script says the baby has asthma.<br>How can I forget about my baby son?<br>My little boy needs my help.<br>He needs me. | স্ক্রিপ্টে বলা আছে যে বাচ্চার অ্যাজমা আছে।<br>আমি কীভাবে আমার বাচ্চা ছেলের কথা ভুলে যেতে পারি?<br>ছোট্ট বাচ্চাটার সাহায্য দরকার।<br>তার আমাকে দরকার। |
| DIRECTOR | পরিচালক |
| It's just asthma. It's no big deal. | এটা কেবল অ্যাজমা। এটা কোনো বড় বিষয় নয়। |
| MARIO | মারিও |
| What do you mean no big deal?<br>I don't think you know enough about asthma. | তুমি কী বলছো এটা বড় বিষয় না?<br>আমার মনে হয় না তুমি অ্যাজমা সম্পর্কে যথেষ্ট জানো। |
| DIRECTOR | পরিচালক |
| Me? I don't think you know about asthma. Just read your lines.<br>What's written on the paper. | আমি? আমার মনে হয় না তুমি অ্যাজমা সম্পর্কে জানো। শুধু তোমার লাইনগুলো পড়।<br>কাগজে কী লেখা আছে। |
| MARIO | মারিও |
| Well I can't do this if I don't know about asthma. | আসলে আমি অ্যাজমা সম্পর্কে না জানলে আমি এটা করতে পারবো না। |
| DIRECTOR | পরিচালক |
| [sighs, laughs…]<br>The story has nothing to do with asthma. It's a love story. | [দীর্ঘশ্বাস, হাসি…]<br>এই গল্পে অ্যাজমার সাথে সম্পর্ক । এটা একটা প্রেমের গল্প। |


Mario


Director


Senior Man



Young Woman


Young Boy

| | |
|---|---|
| MARIO | মারিও |
| A love story.<br>About a father and a son and the son can't breathe! | একটা প্রেমের গল্প।<br>একজন বাবা আর একজন ছেলে সম্পর্কে আর ছেলেটা নিঃশ্বাস নিতে পারে না! |
| DIRECTOR | পরিচালক |
| Okay. Okay!<br>We'll get you help. I'll call experts … some people who know about asthma.<br>Are you happy? | ওকে! ওকে!<br>সাহায্য আনবো। বিশেষজ্ঞ ডাকবো … এমন কিছু লোক যারা অ্যাজমা সম্পর্কে জানে।<br>তুমি খুশি? |
| DIRECTOR | পরিচালক |
| [whispers] We need to go to the next scene… | [ফিসফিস করে কথা] আমাদেরকে পরের দৃশ্যে যেতে হবে… |
| Okay?<br>Everyone, that's enough for today. Tomorrow, we'll try this again. | ঠিক আছে?<br>সবাই, আজকের মত যথেষ্ট হয়েছে। কাল, আমরা আবার এটা চেষ্টা করবো। |
| MARIO | মারিও |
| These are the experts? | এরাই বিশেষজ্ঞ? |
| DIRECTOR | পরিচালক |
| Yes! They know all about asthma. | হ্যাঁ! এরা অ্যাজমা সম্পর্কে সবকিছু জানে। |
| DIRECTOR | পরিচালক |
| So, you all have asthma.<br>You don't look so bad to me.<br>You look pretty healthy. Right? | তো, আপনাদের সবার অ্যাজমা আছে।<br>আপনাদেরকে আমার অতটা অসুস্থ লাগছে না।<br>আপনাদেরকে বেশ সুস্থ দেখাচ্ছে। তাই না? |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| Of course I'm healthy. | অবশ্যই আমি সুস্থ। |
| YOUNG WOMAN | তরুণী |
| I have a totally normal life. | আমার জীবন সম্পূর্ণ স্বাভাবিক। |
| MARIO | মারিও |
| But if you can't breathe, how can you be healthy?<br>It must feel terrible when you can't breathe. | কিন্তু যদি তুমি নিঃশ্বাস নিতে না পার, তাহলে কীভাবে তুমি সুস্থ আছ?<br>তুমি নিঃশ্বাস নিতে না পারলে নিশ্চয়ই খুব খারাপ লাগার কথা। |
| YOUNG BOY | কিশোর |
| When it gets bad, it feels like a big elephant is sitting on me. | যখন এটা খারাপের দিকে যায়, মনে হয় একটা বড় হাতি আমার ওপর বসে আছে। |
| DIRECTOR | পরিচালক |
| But you don't feel like that every day, do you? | কিন্তু তোমার প্রতিদিন এরকম মনে হয় না, তাই না? |
| YOUNG BOY | কিশোর |
| No, not every day, but when it happens, it's scary. | না, প্রতিদিন না, কিন্তু যখন এটা হয়, এটা খুব ভয়ের। |
| YOUNG WOMAN | তরুণী |
| For me, it's like trying to breathe through a straw. | আমার কাছে মনে হয় যেন নিঃশ্বাস নিচ্ছি সরু নল দিয়ে। |


Angela


Mario


Director



Senior Man


Young Boy


Maria



Young Woman

| | |
|---|---|
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| But having asthma doesn't mean you are sick all of the time. I've had asthma for many years. Sometimes it gets bad. But most of the time it's okay. | কিন্তু অ্যাজমা থাকার অর্থ এই নয় যে আপনি সব সময় অসুস্থ থাকবেন। আমার অনেক বছর ধরে অ্যাজমা আছে। কখনো কখনো এটা খারাপের দিকে যায়। কিন্তু বেশিরভাগ সময় সমস্যা হয় না। |
| YOUNG WOMAN | তরুণী |
| Most of the time, I feel fine. | বেশিরভাগ সময়, আমি সুস্থ থাকি। |
| YOUNG BOY | কিশোর |
| Yeah.<br>I play basketball every day after school. | হ্যাঁ।<br>আমি বাস্কেটবল খেলি প্রতিদিন স্কুল ছুটির পর । |
| DIRECTOR | পরিচালক |
| Okay then. It's time to get back to work. | ওকে। এখন কাজে ফিরে যাওয়ার সময় হয়েছে। |
| DIRECTOR | পরিচালক |
| Let's go back to the girlfriend leaving. | গার্লফেন্ড চলে যাওয়ার দৃশ্যে চলো। |
| ASSISTANT CAMERA MAN | সহকারী ক্যামেরাম্যান |
| Scene 1, take 13. | দৃশ্য ১, টেক ১৩। |
| DIRECTOR | পরিচালক |
| And, action! | এবং, অ্যাকশন! |
| ANGELA | এঞ্জেলা |
| [heavy breathing]<br>I have no choice.<br>I want to stay. But I can't. | [গভীর নিঃশ্বাস]<br>আমার কোনো উপায় নেই।<br>আমি থাকতে চাই। কিন্তু আমি পারবো না। |
| MARIO | মারিও |
| When you leave you are taking my heart. How can I live without you? | তুমি যাওয়ার সময় আমার হৃদয়টা নিয়ে যাচ্ছ। তোমাকে ছাড়া আমি কীভাবে বাঁচবো? |
| ANGELA | এঞ্জেলা |
| I will love you. Always.<br>Never forget me. | আমি তোমাকে ভালোবাসবো। সব সময়।<br>আমাকে কখনো ভুলে যেও না। |
| MARIO | মারিও |
| [sobbing] …. [wailing] | [ফুঁপিয়ে কাঁদা] …. [বিলাপ] |
| BABY | বাচ্চা |
| [crying] | [কান্না] |
| MARIO | মারিও |
| Maria! | মারিয়া! |
| MARIA | মারিয়া |
| I heard your girlfriend left you.<br>You know, I have never stopped loving you.<br>I am here for you.<br>Let me take care of you. | আমি শুনেছি তোমার গার্লফ্রেন্ড তোমাকে ছেড়ে চলে গেছে।<br>তুমি জানো, আমি তোমাকে ভালোবাসা বন্ধ করিনি।<br>আমি তোমার জন্য এসেছি।<br>তোমার দেখাশোনা করতে দাও। |



Director


Young Woman


Mario



Maria

| | |
|---|---|
| MARIO | মারিও |
| No, Maria! I can't! | না, মারিয়া! আমি পারবো না! |
| MARIA | মারিয়া |
| Yes! Yes, you can! | হ্যাঁ! হ্যাঁ, তুমি পারবে! |
| MARIO | মারিও |
| No! I must ...<br>I must ...<br>I must take my baby to the doctor!<br>I am his ... father. | না! আমাকে অবশ্যই ...<br>আমাকে অবশ্যই ...<br>আমাকে অবশ্যই আমার বাচ্চাকে ডাক্তারের কাছে নিয়ে যেতে হবে!<br>আমি ওর ... বাবা। |
| DIRECTOR | পরিচালক |
| Cut! Cut!<br>Mario, what are you doing?<br>There is no doctor here. | কাট! কাট!<br>মারিও, তুমি কী করছো?<br>এখানে কোনো ডাক্তার নেই। |
| MARIO | মারিও |
| I know, but I put it in.<br>It's important.<br>You heard the experts.<br>Asthma is serious. | আমি জানি, কিন্তু আমি এটা ঢুকিয়েছি।<br>এটা গুরুত্বপূর্ণ।<br>তুমি বিশেষজ্ঞদের কথা শুনেছ।<br>অ্যাজমা মারাত্মক। |
| DIRECTOR | পরিচালক |
| It is not about asthma. | এটা অ্যাজমা সম্পর্কে না। |
| MARIO | মারিও |
| Yes, it is. | অবশ্যই অ্যাজমা। |
| DIRECTOR | পরিচালক |
| No, it is not! | না, এটা না! |
| MARIO | মারিও |
| Yes, it is. | হ্যাঁ, অবশ্যই অ্যাজমা । |
| DIRECTOR | পরিচালক |
| Somebody, get the experts back here! | তোমরা, বিশেষজ্ঞদের আবার ডাকো! |
| MARIO | মারিও |
| If you have asthma, don't you have to go to the doctor? | যদি আপনাদের অ্যাজমা থাকে, আপনাদের কি ডাক্তারের কাছে যেতে হয় না? |
| YOUNG WOMAN | তরুণী |
| Yes. Not just when you feel sick. | হ্যাঁ। শুধু অসুস্থ বোধ করলেই নয়। |
| DIRECTOR | পরিচালক |
| But, Mario, in the story, you're poor.<br>You can't afford to go to the doctor.<br>It's impossible. | কিন্তু, মারিও, এই গল্পে, তুমি একজন গরীব লোক।<br>তোমার ডাক্তারের কাছে যাওয়ার সামর্থ্য নেই।<br>এটা অসম্ভব। |


Director


Doctor


Young Woman


Young Boy


Mario



Young Woman

| | |
|---|---|
| YOUNG WOMAN | তরুণী |
| That's right. If you call 311 you can get health insurance for your child. | ঠিক তাই। যদি আপনি ফোন করেন 311–এ তাহলে আপনি আপনার বাচ্চার জন্য স্বাস্থ্য বিমা পেতে পারেন। |
| YOUNG BOY | কিশোর |
| And there are special clinics just for kids, too. | আর শুধু বাচ্চাদের জন্যেও বিশেষ ক্লিনিক আছে। |
| DIRECTOR | পরিচালক |
| You don't need a green card? | গ্রীণ কার্ড থাকার প্রয়োজন নেই? |
| YOUNG WOMAN | তরুণী |
| Nope. Everybody has a right to health care. In New York, you don't need to have papers to see a doctor. | না। সবার স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার রয়েছে। নিউ ইয়র্কে, ডাক্তার দেখানোর জন্য আপনার কাগজপত্র লাগবে না। |
| MARIO | মারিও |
| So you don't have to have a lot of money to get good health care.<br>It's your right, right? | সুতরাং ভালো স্বাস্থ্যসেবা পাওয়ার জন্য অনেক টাকার থাকার দরকার নেই।<br>এটা আপনার অধিকার, তাই না? |
| DIRECTOR | পরিচালক |
| [whispers]<br>Okay, okay everyone.<br>We're going to take a break.<br>I have a little work to do.<br>We'll start again in half an hour. | [ফিসফিস করে কথা]<br>ঠিক আছে, ঠিক আছে সবাই।<br>আমরা এখন একটা বিরতি নেব।<br>আমাকে কিছু কাজ করতে হবে।<br>আমরা আধাঘন্টার মধ্যে আবার শুরু করবো। |
| MARIO | মারিও |
| Mario is taking his son to the doctor. | মারিও তার ছেলেকে ডাক্তারের কাছে নিয়ে যাচ্ছে। |
| MARIO | মারিও |
| Maria, thank you for bringing me here.<br>How can I ever repay you?<br>What can I do?<br>Doctor, is it serious? | মারিয়া, এখানে আনার জন্য তোমাকে ধন্যবাদ।<br>আমি কীভাবে তোমার ঋণ শোধ করতে পারি?<br>আমি কী করতে পারি?<br>ডাক্তার সাহেব, এটা কি মারাত্মক? |
| DOCTOR | ডাক্তার |
| It may be. | হতে পারে। |
| MARIO | মারিও |
| Doctor, excuse me? | ডাক্তার, মাফ করবেন? |
| DOCTOR | ডাক্তার |
| I mean, I hope your son feels better.<br>But you and your ... | আমি বলছি, আশা করি আপনার ছেলে ভালো বোধ করবে।<br>কিন্তু আপনি আর আপনার ... |


Mario


Doctor


Nurse


Director



Maria


| | |
|---|---|
| MARIO | মারিও |
| … friend. | … বন্ধু। |
| DOCTOR | ডাক্তার |
| Oh …<br>Friend? Well.<br>You must take care of your son.<br>And everything will be ... [looking at Maria] fine. | ওহ্ …<br>বন্ধু? বেশ।<br>আপনাকে অবশ্যই আপনার ছেলের দেখাশোনা করতে হবে।<br>আর সবকিছু হয়ে যাবে … [মারিয়ার দিকে তাকিয়ে] চমৎকার। |
| NURSE | নার্স |
| Doctor. [glove snaps]<br>Don't you have to tell them about the medicine? | ডাক্তার সাহেব। [গ্লাভসের শব্দ]<br>আপনি কি ওদেরকে ওষুধ সম্পর্কে বলবেন না? |
| DOCTOR | ডাক্তার |
| Of course.<br>You must give your son medicine every day to control the asthma.<br>Here.<br>Take these.<br>For your son. | অবশ্যই।<br>অ্যাজমা নিয়ন্ত্রণের জন্য আপনাকে প্রতিদিন আপনার ছেলেকে অবশ্যই ওষুধ দিতে হবে।<br>এই যে।<br>এগুলো নিন।<br>আপনার ছেলের জন্য। |
| NURSE | নার্স |
| [glove snaps]<br>And he will have to make a plan to manage his son's asthma. | [গ্লাভসের শব্দ]<br>আর ছেলের অ্যাজমা নিয়ন্ত্রণের জন্য একটা পরিকল্পনা তৈরি করতে হবে। |
| DOCTOR | ডাক্তার |
| Yes. We must make a plan. | হ্যাঁ। অবশ্যই পরিকল্পনা করতে হবে। |
| MARIA | মারিয়া |
| A plan? | পরিকল্পনা? |
| NURSE | নার্স |
| Yes, [glove snaps] a plan ... for Mario to manage his son's asthma. | হ্যাঁ, [গ্লাভসের শব্দ] পরিকল্পনা … মারিও ওর ছেলের অ্যাজমা নিয়ন্ত্রণের জন্য। |
| MARIO | মারিও |
| Manage? | নিয়ন্ত্রণ? |
| DIRECTOR | পরিচালক |
| Cut! Mario!<br>That was great.<br>Are you happy now? | কাট! মারিও!<br>দারুণ হয়েছে।<br>এখন তুমি খুশি? |
| MARIO | মারিও |
| Well, I don't know. I'm a little confused. | আসলে, আমি জানি না। আমি কিছুটা বিভ্রান্ত। |
| DIRECTOR | পরিচালক |
| Confused? It's simple. The doctor fell in love with Maria. And the nurse ... | বিভ্রান্ত? এটা সহজ। ডাক্তার মারিয়ার প্রেমে পড়েছে। আর নার্স … |


Mario



Senior Man


Young Woman


Young Boy


Director

| MARIO | মারিও |
|---|---|
| No, no, no. I don't understand what "manage" means. The nurse said I have to manage my baby's asthma? What does that mean? | না, না, না। আমি বুঝতে পারছি না "নিয়ন্ত্রণ"–এর মানে কি। নার্স বলেছেন যে আমাকে আমার বাচ্চার অ্যাজমা নিয়ন্ত্রণ করতে হবে? এর অর্থ কী? |
| DIRECTOR | পরিচালক |
| Oh no, not again. Okay, experts! Where are the experts? | ওহ না, আবার না। ঠিক আছে, বিশেষজ্ঞরা! কোথায় তোমারা সবাই? |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| Yeah, manage. There are things you must do to help your son control his asthma. | হ্যাঁ, নিয়ন্ত্রণ। ছেলের অ্যাজমা নিয়ন্ত্রণের জন্য আপনাকে কিছু উপায় করতে হবে। |
| YOUNG WOMAN | তরুণী |
| Even when your son feels good he needs medicine. He needs to take it every day. | এমনকি আপনার ছেলে ভালো বোধ করলেও তার ওষুধ দরকার। তার প্রতিদিন ওষুধ নেয়া দরকার। |
| YOUNG BOY | কিশোর |
| The doctor gave you two of these pumps, remember? They are called inhalers. | ডাক্তার আপনাকে এই ধরনের দু'টো পাম্প দিয়েছে, মনে আছে? এগুলোকে বলে ইনহেলার। |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| I have two different kinds of medicine in these pumps. This medicine, I take every day. Even when I feel good. This other medicine, I take as soon as I start to have problems breathing. | এই পাম্পগুলোতে আমার দু'টি ভিন্ন ধরনের ওষুধ আছে। এই ওষুধটা, আমি প্রতিদিন নিই। এমনকি আমি ভালো বোধ করলেও। অন্য ওষুধটা, আমার নিঃশ্বাসের সমস্যা শুরু হওয়ার সাথে সাথেই আমি নিই। |
| YOUNG WOMAN | তরুণী |
| I use this one when my asthma acts up. And ... this one ... every day. | আমি ব্যবহার করি যখন আমার অ্যাজমা সমস্যা শুরু করে। আর ... এটা ... প্রতি দিন। |
| DIRECTOR | পরিচালক |
| Acts up? | সমস্যা শুরু করে? |
| YOUNG BOY | কিশোর |
| You know. If I start to feel like I can't breathe, I use this pump. Right away. And I always use my spacer, so the medicine gets right into my lungs. See, like this. | যেমন। যদি আমার মনে হয় আমি নিঃশ্বাস নিতে পারছি না, তখন এই পাম্পটা ব্যবহার করি। সাথে সাথে। আর আমি সব সময় আমার স্পেসার ব্যবহার করি, যাতে ওষুধ সরাসরি আমার ফুসফুসে চলে যায়। দেখুন, এই ভাবে। |
| YOUNG WOMAN | তরুণী |
| I never leave home without my inhaler. | আমি কখনো আমার ইনহেলার ছাড়া বাড়ি থেকে বের হই না। |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| I never leave home without mine, either. You never know when you might need it. | আমিও কখনো আমারটা ছাড়া ঘর থেকে বের হই না। বলা যায় না কখন আপনার এটি দরকার হবে। |



Director



Senior Man



Young Woman




Young Boy




Mario

| | |
|---|---|
| DIRECTOR | পরিচালক |
| Great. Got it, Mario?<br>Let's get back to work. | দারুণ। বুঝতে পেরেছ, মারিও?<br>চলো কাজে ফিরে যাই। |
| YOUNG WOMAN | তরুণী |
| Wait. Not yet.<br>That's just the medicine.<br>There's more you need to know. | দাঁড়ান। এখনো না।<br>এটা কেবল ওষুধ সম্পর্কে।<br>আপনাদের আরো কিছু জানা দরকার। |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| That's right. There are many triggers that can make your asthma get worse.<br>You need to get rid of them. | ঠিক তাই। এমন অনেক ট্রিগার আছে যেগুলো অ্যাজমাকে খারাপের দিকে নিয়ে যেতে পারে।<br>আপনাকে সেগুলো থেকে দূরে থাকতে হবে। |
| MARIO | মারিও |
| Triggers? | ট্রিগার? |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| Yeah. Doctors call them triggers.<br>For me, it's anything with dust.<br>I need to clean the apartment all the time. | হ্যাঁ। ডাক্তাররা এগুলোকে বলেন ট্রিগার।<br>আমার মতে ধূলা-বালি ওয়ালা যে কোনো কিছু।<br>আমাকে সব সময় অ্যাপার্টমেন্ট পরিষ্কার রাখতে হয়। |
| MARIO | মারিও |
| No dust. Got it. What else? | ধূলা-বালি থাকবে না। বুঝতে পেরেছি। আর কিছু? |
| YOUNG WOMAN | তরুণী |
| My asthma used to get worse at night.<br>I found out that it was because of my pillow.<br>I had to get rid of my favorite pillow.<br>And, my parents had to buy me a new blanket, too. | আমার অ্যাজমা সাধারণত রাতের বেলায় খারাপের দিকে যেত।<br>আমি বুঝতে পারলাম এটা ছিল আমার বালিশের জন্য।<br>আমাকে আমার প্রিয় বালিশটা ফেলে দিতে হয়েছিল।<br>আর, আমার বাবা-মা আমাকে একটা নতুন কম্বলও কিনে দিতে হয়েছিল। |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| My wife had to quit smoking.<br>I tried to get her to stop for many years.<br>When she learned that her smoking made my asthma worse, she finally did it.<br>She quit. Now, I can breathe.<br>And so can she. | আমার স্ত্রীকে সিগারেট খাওয়া ছেড়ে দিতে হয়েছিল।<br>আমি অনেক বছর ধরে চেষ্টা করছিলাম সে যাতে ছেড়ে দেয়।<br>যখন সে জানলো তার সিগারেট খাওয়া আমার অ্যাজমাকে আরো খারাপের দিকে নিয়ে যাচ্ছে, তখন সে অবশেষে এটা করে।<br>সে ছেড়ে দেয়। এখন, আমি নিঃশ্বাস নিতে পারি।<br>আর সেও পারে। |
| MARIO | মারিও |
| What about you? What did you have to give up? | তোমার ক্ষেত্রে কী হয়েছে? তোমাকে কী কী ছাড়তে হয়েছে? |
| YOUNG BOY | কিশোর |
| I used to have a cat.<br>But then, I had to say goodbye to her.<br>I had no choice.<br>The cat made my asthma worse. | আমার একটা বিড়াল ছিল।<br>কিন্তু তারপর, আমার তাকে বিদায় জানাতে হয়েছিল।<br>আমার কোনো উপায় ছিল না।<br>বিড়ালটা আমার অ্যাজমাকে খারাপের দিকে নিয়ে যাচ্ছিল। |


Director


Senior Man



Young Woman


Young Boy



Mario

| | |
|---|---|
| MARIO | মারিও |
| Oh, I'm sorry. | ওহ, আমি দুঃখিত। |
| YOUNG BOY | কিশোর |
| I feel much better now. | এখন আমি অনেক ভালো। |
| MARIO | মারিও |
| Wow.<br>I didn't know there were so many things, so many triggers, that make asthma worse.<br>We have to find out what makes my son's asthma worse. | বাহ্।<br>আমি জানতাম না এমন অনেক জিনিস আছে, এমন অনেক ট্রিগার, অ্যাজমাকে আরো খারাপ করে।<br>বের করতে হবে কী কারণে ছেলের অ্যাজমা খারাপ হয়। |
| DIRECTOR | পরিচালক |
| Okay, great! Let's get back to work. | ওকে, বেশ! চলো কাজে ফিরে যাই। |
| YOUNG WOMAN | তরুণী |
| Wait! One more thing. Cockroaches. [tchtchtchtch (roach sound)]<br>Those little brown bugs. They make asthma worse. | দাঁড়ান! আর একটা জিনিস। তেলাপোকা। [কিতকিতকিতকিত [তেলাপোকার শব্দ)]<br>ওই ছোট বাদামি পোকাগুলো। ওগুলো অ্যাজমাকে খারাপের দিকে নিয়ে যায়। |
| MARIO | মারিও |
| [tchtchtchtch (roach sound)]<br>Roaches? You're kidding. | [কিতকিতকিতকিত [তেলাপোকার শব্দ)]<br>তেলাপোকা? তুমি ঠাট্টা করছো। |
| SENIOR MAN | বয়স্ক ব্যক্তি |
| Yeah, roaches.<br>You've got to get rid of them completely.<br>But, don't use a spray [sshhhh (spray sound)] to get rid of them.<br>That could make your son's asthma start up. | হ্যাঁ, তেলাপোকা।<br>আপনাকে সেগুলো থেকে সম্পূর্ণভাবে মুক্তি পেতে হবে।<br>কিন্তু, এগুলো থেকে মুক্তি পেতে স্প্রে [হিসসসস (স্প্রে'র শব্দ)] ব্যবহার করবেন না।<br>এটা আপনার ছেলের অ্যাজমাকে জাগিয়ে তুলতে পারে। |
| MARIO | মারিও |
| Roaches!<br>We have to put that in the story. | তেলাপোকা!<br>আমাদেরকে এটা গল্পে ঢুকাতে হবে। |
| DIRECTOR | পরিচালক |
| Mario, this is a love story. Can we get back to work now? | মারিও, এটা একটা প্রেমের গল্প। আমরা কি কাজে ফিরে যেতে পারি? |
| MARIO | মারিও |
| Mario's house must be cleaned. | মারিও'র বাসা অবশ্যই পরিষ্কার করতে হবে। |
| This doesn't fit. Can we get another one? | এটা ফিট হচ্ছে না। আমাদেরকে আরেকটা দেবে? |
| DIRECTOR | পরিচালক |
| Just clean the house, Mario.<br>Action! | শুধু বাসাটা পরিষ্কার করো, মারিও।<br>অ্যাকশন! |


Mario



Director


Angela


Maria

| | |
|---|---|
| MARIA | মারিয়া |
| What about the bedroom? | বেডরুমে কী করবো? |
| MARIO | মারিও |
| [gasps] | [ঘন ঘন শ্বাস টানা] |
| MARIA | মারিয়া |
| To clean. To get rid of the dust in there. | পরিষ্কার করার জন্য। সেখানকার ধূলা–বালি থেকে মুক্তি পাওয়ার জন্য। |
| MARIO | মারিও |
| Yes, yes. Of course. | হ্যাঁ, হ্যাঁ। অবশ্যই। |
| DIRECTOR | পরিচালক |
| Cut! Cut! What are you doing with that? | কাট! কাট! তুমি ওটা নিয়ে কী করছো? |
| MARIO | মারিও |
| You heard the experts.<br>Smoking is terrible for asthma. | তুমি বিশেষজ্ঞদের কথা শুনেছ।<br>অ্যাজমার জন্য সিগারেট অত্যন্ত ক্ষতিকর। |
| DIRECTOR | পরিচালক |
| There is no smoking in this story.<br>No one smokes a single cigarette! | এই গল্পে কোনো সিগারেট খাওয়া নেই!<br>কেউ একটা সিগারেটও খায় না! |
| MARIO | মারিও |
| But, what if my friends come over. They need to know. | কিন্তু, আমার বন্ধুরা আসলে কী হবে। তাদের জানা দরকার। |
| DIRECTOR | পরিচালক |
| What friends?<br>Okay, okay. Put up your sign.<br>Let's get back to work. | কোন বন্ধু?<br>ঠিক আছে, ঠিক আছে। তোমার সাইন লাগাও।<br>চলো কাজে ফিরে যাই। |
| MARIO | মারিও |
| Angela.<br>You're back.<br>Is it really you? | এঞ্জেলা।<br>তুমি ফিরে এসেছ।<br>এটা কি সত্যিই তুমি? |
| ANGELA | এঞ্জেলা |
| Yes, it is. It is me.<br>My love. | হ্যাঁ, আমি। আমি এসেছি।<br>আমার প্রিয়তম। |
| MARIA | মারিয়া |
| Mario, what about the pillows? | মারিও, বালিশগুলোর কী হবে? |
| MARIO | মারিও |
| Maria! | মারিয়া! |
| ANGELA | এঞ্জেলা |
| Mario! | মারিও! |


Mario


Director


Angela


Maria

| | |
|---|---|
| MARIO | মারিও |
| Angela! | এঞ্জেলা! |
| ANGELA, MARIO, MARIA | এঞ্জেলা, মারিও, মারিয়া |
| [gasp] | [ঘন ঘন শ্বাস টানা] |
| MARIO | মারিও |
| It's not what you think, Angela. | তুমি যা ভাবছ তা নয়, এঞ্জেলা। |
| MARIA | মারিয়া |
| Mario's son has asthma. | মারিওর ছেলের অ্যাজমা আছে। |
| MARIO | মারিও |
| Doctor? | ডাক্তার? |
| MARIA | মারিয়া |
| Doctor. | ডাক্তার। |
| MARIO | মারিও |
| You came all the way here to see my son? | আপনি পুরোটা পথ পাড়ি দিয়ে এসেছেন আমার ছেলেকে দেখা জন্য? |
| MARIA | মারিয়া |
| No. | না। |
| MARIO | মারিও |
| Are you back? | তুমি ফিরেছি? |
| ANGELA | এঞ্জেলা |
| Yes, I'm back.  I'm yours. I'll be with you. Forever. | হ্যাঁ, আমি ফিরে এসেছি।  আমি তোমার আমি তোমার সাথে থাকবো। চিরদিন। |
| MARIO | মারিও |
| But, what about your family? What about your father? | কিন্তু, তোমার পরিবার? এবং তোমার? |
| ANGELA | এঞ্জেলা |
| I told him how you take care of your son. He knows that you are a good man. | আমি উনাকে বলেছি তুমি কীভাবে তোমার ছেলের খেয়াল করো। তিনি জানেন তুমি একজন ভালো মানুষ। |
| MARIO | মারিও |
| You mean, he will let us ... | তুমি বলছো, তিনি আমাদেরকে ... |
| ANGELA | এঞ্জেলা |
| Yes. Our dream will finally come true.<br>We can be together at last. | হ্যাঁ। আমাদের স্বপ্ন অবশেষে সত্যি হবে।<br>আমরা একসাথে থাকতে পারবো। |
| MARIO | মারিও |
| Forever? | চিরদিনে? |
| ANGELA | এঞ্জেলা |
| Forever and ever. | চিরদিন... অনন্তকাল। |
| DIRECTOR | পরিচালক |
| Okay, great. We're finished.<br>That was beautiful. | ওকে বেশ। চমৎকার হয়েছে। |